গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাশিয়ানী, গোপালগঞ্জ।

বাংলা ১৪৩২ সনের জন্য হাট বাজার ইজারা পুনঃ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাশিয়ানী উপজেলাধীন নিম্ন বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০চৈত্র পর্যন্ত এক বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ইজারা গ্রহীতাদের নিকট থেকে সীলমোহরকৃত খামে নিম্নে বর্নিত শর্ত সাপেক্ষে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়/ নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় / সহকারী কমিশনার (ভূমি),কাশিয়ানী এর কার্যালয় / ব্যবস্থাপক,সোনালী ব্যাংক, কাশিয়ানী শাখা/ অফিসার ইন-চার্জ,কাশিয়ানী থানা হতে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নিম্নে তফসিল বর্ণিত ধার্য তারিখে সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০টা পর্যন্ত জেলা প্রশাসক, গোপালগঞ্জ/পুলিশ সুপার, গোপালগঞ্জ/নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্সে গ্রহণ করা হবে এবং ঐদিনই বেলা ৩.০০ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে। এ বিজ্ঞপ্তি kashiani.gopalganj.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এছাড়া দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

হাট-বাজারের নাম, ইজারার মেয়াদকাল, সিডিউল মূল্য

ক্রঃ নং	হাটবাজারের নাম	ইউনিয়নের নাম	বিশেষ ডাক ৫ম বার দরপত্র দাখিলের তারিখ ও সময় ০৯/০৪/২০২৫ সকাল ১০.০০ টা হতে ১.০০ টা	সিডিউলের মূল্য	সরকারি মূল্য	মন্তব্য
০১	পরানপুর হাট	রাতইল	ঐ	২৩,৬০০/-	১,১৪,৮৯,৫০০/-	
০২	তারাইল হাট	রাতইল	ঐ	৫০০/-	১৩,১০০/-	
০৩	পদ্মবিলা হাট	মহেশপুর	ঐ	৫০০/-	১৫,২৩৫/-	
০৪	ধানজাইল হাট	মহেশপুর	ঐ	৫০০/-	৩,৭৪০/-	

০১। বাংলা ১৪৩২ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য ইজারা দেয়া হবে ।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫%(পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করিতে হইবে অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪। প্রাপ্ত দরপত্রে সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ বছরের গড় ইজারামূল্যর অতিরিক্ত ১০% (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩ বৎসরের গড় ইজারা মূল্যর উপর অতিরিক্ত ১০% যোগ করার পরে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে ।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে ।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রসিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে ।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে ।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে ।

চলমান পাতা-০২

CamScanner

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে ।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন ।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন ।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না ।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে ।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হইবে ।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে ।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

২৭/০৩/২৫

(ফারজানা জান্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
কাশিয়ানী, গোপালগঞ্জ।

নং-হাট-বাজার/০৫.৩০.৩৫৪৩.০০২.০১.০০১.২৫-১৬৫(১০)　　তারিখ ঃ ২৭ মার্চ ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১) জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।
২) পুলিশ সুপার, গোপালগঞ্জ ।
৩) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ ।
৪) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গোপালগঞ্জ ।
৫) উপজেলা পরিষদ চেয়ারম্যান, কাশিয়ানী উপজেলা পরিষদ, কাশিয়ানী, গোপালগঞ্জ ।
৬) সহকারী কমিশনার (ভূমি), কাশিয়ানী, গোপালগঞ্জ ।
৭) উপজেলা .... অফিসার (সকল), কাশিয়ানী, গোপালগঞ্জ ।
৮) চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), কাশিয়ানী, গোপালগঞ্জ । ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
৯) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস, কাশিয়ানী, গোপালগঞ্জ। তার অধিক্ষেত্রের হাট-বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করে গৃহীত কার্যক্রম সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১০) .... কাশিয়ানী, গোপালগঞ্জ ।

২৭/০৩/২৫

উপজেলা নির্বাহী অফিসার
কাশিয়ানী, গোপালগঞ্জ।

CamScanner